

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৫. যার ওয়াজদ বা উন্মত্ততা নেই তার ধর্মও নেই, জীবনও নেই

গানের মাজলিসে আবেগে উদ্বেলিত হয়ে অচেতন হওয়া বা নাচানাচি করাকে ইশকের বড় নিদর্শন বলে গণ্য করা হতো। জালিয়াতরা এ বিষয়ে কিছু হাদীস বানিয়েছে। এরূপ একটি 'হাদীস' উল্লেখ করা হয়েছে;

مَنْ لاَ وَجْدَ لَهُ لاَ حَيَاةَ لَهُ / لاَ دِيْنَ لَهُ

"যার 'ওয়াজদ' বা উত্তেজনা-উন্মত্ততা নেই তার জীবন নেই/ধর্ম নেই।" এ কথাটিও সম্পূর্ণ ভিত্তিহীন সনদহীন বানোয়াট কথা।

ফুটনোট

[1] সিররুল আসরার, পৃ. ৮৬, ৮৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4876

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন